

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..

## ১৬ কোটি ডলার ব্যয়ে বগুড়ায় আন্তর্জাতিক মহিলা বিশ্ববিদ্যালয়

নিজস্ব বার্তা পরিবেশক : বগুড়ায় ১০ কোটি ডলার ব্যয়ে ১শ' একর জমির ওপর মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপিত হতে যাচ্ছে। এ বিশ্ববিদ্যালয়ে একসঙ্গে ২ হাজার ছাত্রী পড়াশুনা করতে পারবে। পড়ার মাধ্যম হবে সম্পূর্ণ ইংরেজি। 'এশিয়ান ইউনিভারসিটি ফর উইম্যান (এইউডব্লিউ) নামের এ বিশ্ববিদ্যালয়টি স্থাপন করতে যাচ্ছে আমেরিকার 'ইন্টারন্যাশনাল সাপোর্ট কমিটি'। তারা বিভিন্ন শ্রেণী পেশার মানুষ ও দাতাদের থেকে অর্থ সংগ্রহ করে বিশ্ববিদ্যালয় পরিচালনা করবে। ২০০৫ সাল থেকে ক্লাস শুরু হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। বিশ্ববিদ্যালয়ে ৫০ ভাগ দরিদ্র মেধাবী ছাত্রীকে বিনা খরচে পড়ানো হবে।

উইলিয়াম রিড-এর নেতৃত্বে এইউডব্লিউ সাপোর্ট ফাউন্ডেশনের একটি প্রতিনিধিদল মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন করার বিষয়ে শিক্ষামন্ত্রী ড. মো. ওসমান ফারুকের সঙ্গে আলোচনা করেন।